

# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৪৪৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৪৩]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৫৩: একই সাথে আল্লাহর প্রতি ভয় ও আশা রাখার বিবরণ

بَابُ الْجَمْعِ بَيْنَ الْخَوْفِ وَالرَّجَاءِ \_ (53)

#### আরবী

وَعَن أَبِي هُرَيرَةَ رضي الله عنه: أنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم صلى الله عليه وسلم، قَالَ: «لَوْ يَعْلَمُ الْمُؤمِنُ مَا عِنْدَ الله مِنَ العُقُوبَةِ، مَا طَمِعَ بِجَنَّتِهِ أَحَدٌ، وَلَوْ يَعْلَمُ الكَافِرُ مَا عِنْدَ الله مِنَ الرَّحْمَةِ، مَا قَنَطَ مِنْ جَنَّتِهِ أَحَدٌ ». رواه مسلم

#### বাংলা

জ্ঞাতব্য যে, সুস্থ অবস্থায় বান্দার উচিত হল, অন্তরে আল্লাহর আযাবের ভয় এবং তাঁর রহমতের আশা রাখা। এ ক্ষেত্রে ভয় ও আশা উভয়ই সমান হবে। পক্ষান্তরে অসুস্থ অবস্থায় নিছকভাবে আশা রাখা উচিত। কুরআন ও সুন্নাহ এবং অন্যান্য স্পষ্ট উক্তিতে এ কথার ভূরি ভূরি প্রমাণ বর্তমান।

আল্লাহ তা'আলা বলেন,

[فَلَا يَأْآمَنُ مَكَارَ ٱللَّهِ إِلَّا ٱلآقَوآءُ ٱلآخُسِرُونَ ﴾ [الاعراف: ٩٩ ﴿

অর্থাৎ "তারা কি আল্লাহর কৌশলের ভয় রাখে না? বস্তুত ক্ষতিগ্রস্ত সম্প্রদায় ব্যতীত কেউই আল্লাহর কৌশলের হতে নিরাপদ বোধ করে না।" (সূরা আ'রাফ ৯৯ আয়াত)

তিনি আরো বলেন,

[إِنَّهُ ۚ لَا يَاْياً سُ مِن رَّوا ٓ اللَّهِ إِلَّا ٱللَّقَوا ٓ مُ ٱللَّكَٰفِرُونَ ﴾ [يوسف: ٨٧ ﴿

অর্থাৎ 'অবিশ্বাসী (কাফের) সম্প্রদায় ব্যতীত কেউই আল্লাহর করুণা হতে নিরাশ হয় না।" (সূরা ইউসুফ ৮৭ আয়াত)

অন্য জায়গায় তিনি বলেন,

[يُواَمَ تَبااَيَضُ وُجُوها وَتَساوَدُ وُجُوها ﴾ [ال عمران: ١٠٦ ﴿



অর্থাৎ "সেদিন কতকগুলো মুখমণ্ডল সাদা (উজ্জ্বল) হবে এবং কতকগুলো মুখমণ্ডল কালো হবে।" (আলে 'ইমরান ১০৬ আয়াত)

তিনি আরো বলেন,

অর্থাৎ "আর তোমার প্রতিপালক তো শাস্তিদানে সত্বর এবং তিনি পরম ক্ষমাশীল, পরম দয়ালুও।" (সূরা আ'রাফ ১৬৭ আয়াত)

তিনি আরো বলেন,

অর্থাৎ "পুণ্যবানগণ তো থাকবে পরম স্বাচ্ছন্দ্যে এবং পাপাচারীরা থাকবে (জাহীম) জাহান্নামে।" (সূরা ইনফিত্বার ১৩-১৪ আয়াত)

তিনি আরো বলেন,

فَأَمَّا مَن تَقُلَت ؟ مَوَٰزِينُهُ ؟ ٦ فَهُوَ فِي عِيشَةٍ رَّاضِيَةٍ ٧ وَأَمَّا مَن ؟ خَفَّت ؟ مَوَٰزِينُهُ ؟ ٨ فَأُمُّهُ ؟ هَاوِيَة ؟ ٩ ﴾ ﴿ فَأُمَّا مَن تَقُلَت ؟ مَوَٰزِينُهُ ؟ ٨ فَأُمُّهُ ؟ هَاوِيَة ؟ ٩ ﴾ ﴿

অর্থাৎ "তখন যার (নেকীর) পাল্লা ভারী হবে, সে তো সন্তোষময় জীবনে (সুখে) থাকবে। কিন্তু যার পাল্লা হাল্কা হবে, তার স্থান হবে হাবিয়াহ।" (সূরা কারিয়াহ ৬-৯ আয়াত)

এ প্রসঙ্গে আরো অনেক আয়াত রয়েছে। আশা ও ভয় রাখার কথা কুরআন মাজীদের কোন কোন স্থানে মাত্র একটি আয়াতে, কোন স্থানে দু'টি আয়াতে এবং কোন স্থানে তিন বা ততোধিক আয়াতে একত্রে বিবৃত হয়েছে।

১/৪৪৮। আবৃ হুরাইরাহ রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, ''যদি মু'মিন জানত যে, আল্লাহর নিকট কী শাস্তি রয়েছে, তাহলে কেউ তার জান্নাতের আশা করত না। আর যদি কাফের জানত যে, আল্লাহর নিকট কী করুণা রয়েছে, তাহলে কেউ তার জান্নাত থেকে নিরাশ হত না।'' (মুসলিম) [1]

# **English**

(53) Chapter: Combining Hope and Fear (of Allah)



## Allah, the Exalted, says:

- "None feels secure from the Plan of Allah except the people who are the losers." (7:99)
- "Certainly no one despairs of Allah's Mercy, except the people who disbelieve." (12:87)
- "On the Day (i.e., the Day of Resurrection) when some faces will become white and some faces will become black..." (3:106)
- "Verily, your Rubb is Quick in Retribution (for the disobedient, wicked) and certainly He is Oft-Forgiving, Most Merciful (for the obedient and those who beg Allah's forgiveness)." (7:167)
- "Verily, the Abrar (pious and righteous) will be in Delight (Jannah). And verily, the Fujjar (the wicked, disbelievers, sinners and evildoers) will be in the blazing Fire(Hell)." (82:13,14)
- "Then as for him whose balance (of good deeds) will be heavy, he will live a pleasant life (in Jannah). But as for him whose balance (of good deeds) will be light, he will have his home in Hawiyah (pit, i.e., Hell)". (101:6-9)

Abu Hurairah (May Allah be pleased with him) reported:

Messenger of Allah (ﷺ) said, "If a believer had full knowledge of the chastisement of Allah, none would covet His Jannah; and were an infidel to know the Mercy Allah has, none would despair of His Jannah".

[Muslim].

## Commentary:

- 1. This Hadith mentions the torments which one will have to suffer in consequence of Divine wrath. These are described to enable a sinner to save himself from them. It also tells about the infinite Mercy of Allah so that one will always be hopeful of.
- 2. Only such people will receive Allah's Grace and Mercy who are obedient to Him, while the disobedient will suffer the consequences of His Wrath.

# ফুটনোট

[1] মুসলিম ২৭৫৫, তিরমিয়ী ৩৫৪২, আহমাদ ৮২১০, ২৭৫০৬, ৯৯১০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛮 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)



 $\textit{\textbf{\textit{G}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 23413$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন